অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/12/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মুক্তির আগে কারাবন্দী ব্যক্তিদের স্টেট-ইস্যুকৃত ID প্রদানের জন্য কর্মসূচি সম্প্রসারণের ঘোষণা দিয়েছেন

উদ্যোগটি ব্যক্তিদের সমাজে পুনরায় প্রবেশ করতে সহায়তা করে; কর্মসংস্থান, সুবিধা ও আবাসনের সমস্যা দূর করে অপরাধপ্রবণতা হ্রাস করে

গভর্নর ক্যাথি হোকল আজ তার ঐতিহাসিক 'জেল টু জবস' উদ্যোগের অধীনে একটি প্রকল্প সম্প্রসারণের ঘোষণা দিয়েছেন যা সংশোধন ও কমিউনিটি তত্ত্বাবধান নজরদারি থেকে মুক্তিপ্রাপ্ত ব্যক্তিদের নন-ড্রাইভার ID কার্ড প্রদান করে। কর্মসূচিটি এখন পর্যন্ত 700 জনেরও বেশি ব্যক্তিকে প্রদান করা নন-ড্রাইভার আইডি কার্ড সহ স্টেট-পরিচালিত 43টি সংশোধনমূলক প্রতিষ্ঠানে পাওয়া যায়।

"ঐতিহাসিক ক্লিন স্লেট আইনে স্বাক্ষর করা থেকে শুরু করে জেল টু জবস কর্মসূচি প্রতিষ্ঠা পর্যন্ত, আমার প্রশাসন পূর্বে কারাবন্দী নিউ ইয়র্কবাসীদের তাদের স্বাভাবিক অবস্থায় ফিরে আসতে এবং সমাজে অবদান রাখতে সহায়তা করতে প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "আমাদের জনশক্তি, শিক্ষা ও স্বাস্থ্যসেবা ব্যবস্থাগুলোতে অংশগ্রহণের জন্য বৈধ সনদপত্র থাকা গুরুত্বপূর্ণ। যারা সঠিক পথ পেতে সমাজের কাছে তাদের ঋণ পরিশোধ করেছে এই কর্মসূচিটি এমন হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে সহায়তা করবে।"

নিউ ইয়র্ক স্টেটের DMV কমিশনার মার্ক জে.এফ. শ্রোয়েডার বলেন, "গভর্নর হোকল সকল নিউ ইয়র্কবাসীদের জীবনকে উন্নত করার চেষ্টা করছেন এবং যারা এই বৃহৎ স্টেটকে বসবাসের উপযোগী করার চেষ্টা করছেন তাদের জন্য আরো সুযোগ প্রদানের জন্য এটি কেবল একটি উপায়। আবাসন স্থাপন, কর্মসংস্থান অর্জন ও অন্যান্য অনেক গুরুত্বপূর্ণ সুবিধা অ্যাক্সেস করার জন্য একটি বেসিক ফটো ID প্রয়োজন, কিন্তু পূর্বে যারা কারাবন্দী ছিলেন সামান্য সহায়তা ছাড়াই এটি পাওয়া তাদের জন্য একটি কঠিন কাজ হতে পারে। মোটর যানবাহন বিভাগ (Department of Motor Vehicles, DMV) এই পুরুষ ও মহিলাদেরকে তাদের কমিউনিটিতে ফিরে আসতে এবং তাদের জীনকে ইতিবাচক পথে ফিরিয়ে আনতে সাহায্য করতে পেরে গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব কারেকশনস অ্যান্ড কমিউনিটি সুপারভিশন এর ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল এফ. মার্টুসেলো III বলেন, "বিভাগটি পূর্বে কারাবন্দী ব্যক্তিদেরকে তাদের কমিউনিটিগুলোতে সফলভাবে পুনরায় প্রবেশের সুবিধার্থে জননিরাপত্তা

বৃদ্ধির জন্য আমাদের মিশনে প্রতিশ্রুতিবদ্ধ এবং এই প্রক্রিয়ায় প্রতিবন্ধকতাগুলো দূর করতে স্টেট-ইস্যুকৃত ID প্রাপ্তির উল্লেখযোগ্য প্রভাব রয়েছে। নিউ ইয়র্ক স্টেটের সকল সংশোধনমূলক প্রতিষ্ঠানগুলোতে এই উদ্যোগের সম্প্রসারণ একটি অসাধারণ মাইলফলক। জেল টু জবস উদ্যোগের জন্য আমি গভর্নরের দূরদৃষ্টির প্রশংসা করি এবং এই গুরুত্বপূর্ণ কর্মসূচিতে অব্যাহত সহযোগিতার জন্য মোটর যান বিভাগকে ধন্যবাদ জানাই।”

গভর্নর হোকলের ‘জেলস টু জবস’ উদ্যোগটি কর্মক্ষেত্রে পুনরায় প্রবেশ বৃদ্ধি এবং পূর্বে কারাবন্দী ব্যক্তিদের শিক্ষা, রিসোর্স ও কর্মসংস্থানের সুযোগের সাথে সংযুক্ত করার দিকে মনোনিবেশ করে অপরাধপ্রবণতা হ্রাস করার লক্ষ্যে বেশ কয়েকটি কর্মসূচি ও স্টেটের পদক্ষেপ অন্তর্ভুক্ত করা হয়েছে। এই প্রি-রিলিজ ID কর্মসূচিটি ডিপার্টমেন্ট অভ কারেকশনস অ্যান্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision, DOCCS) এর সহযোগিতায় DMV এর মাধ্যমে পরিচালিত হয়। এটি 2022 সালের এপ্রিল মাসে গভর্নরের নির্দেশে আটিকার ওয়াইওমিং সংশোধনাগার প্রতিষ্ঠান ও ওয়েস্টচেস্টার কাউন্টির ট্যাকোনিক সংশোধনমূলক প্রতিষ্ঠান ও বেডফোর্ড হিলস সংশোধনাগার প্রতিষ্ঠানে শুরু হয়েছিল।

প্রতিষ্ঠানগুলোতে DOCCS কর্মীগণ কারাবন্দী ব্যক্তিদের ID এর জন্য আবেদন করতে এবং তাদের ছবি তোলার জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করতে সহায়তা করছে। DMV লেনদেনটি একবার কার্য পরিচালনা করার পরে, ID সরাসরি সংশোধনমূলক প্রতিষ্ঠানে প্রদান করা হয় যাতে এটি ব্যক্তির কাছে উপলভ্য হয়।

DOCCS যোগ্য কারাবন্দী ব্যক্তিদেরকে তাদের ড্রাইভিং লাইসেন্স নবায়ন করতে সহায়তা করার জন্য DMV এর সাথে সরাসরি কাজ করে। এটি তাদেরকে DMV অফিসে পুনরায় আবেদন করার প্রয়োজন ছাড়াই মুক্তির পরে তাদের ড্রাইভিং সুবিধাগুলো ফিরে পেতে অনুমোদন করে। যারা লাইসেন্স নবায়নের জন্য যোগ্য তারা যেন DOCCS প্রতিষ্ঠানে থাকাকালীন প্রয়োজনীয় চক্ষু পরীক্ষা ও নবায়ন পেতে পারে তা নিশ্চিত করতে DMV ও DOCCS একসাথে কাজ করেছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন